দৈনিক জনকণ্ঠ

তারিখ . . 04 MAR 2016 . . .
পৃষ্ঠা . . . ১৫ . . কলাম . . ৫ . . . . .

# আইডিবি পুরস্কার পেল পরমাণু কৃষি গবেষণা কেন্দ্র

বিশেষ প্রতিনিধি ॥ কৃষি মন্ত্রণালয়ের অধীনে, বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা কেন্দ্রকে (বীণা) পুরস্কৃত করছে ইসলামী ডেভলপমেন্ট ব্যাংক (আইডিবি)। গবেষণার কাজে সাফল্যের জন্য এক লাখ মার্কিন ডলার পুরস্কার ঘোষণা করেছে ব্যাংকটি। বুধবার ইন্দোনেশিয়ায় জুরি বোর্ডের সিদ্ধান্তে বাংলাদেশের কৃষি গবেষণার

(১৫ পৃষ্ঠা ২ কঃ দেখুন)

## আইডিবি পুরস্কার

(১৬-এর পৃষ্ঠার পর)

সাফল্যের স্বীকৃতিস্বরূপ এই পুরস্কার প্রদানের সিদ্ধান্ত নেয়া হয় বলে কৃষি মন্ত্রণালয় সূত্রে জানা গেছে।

কৃষি মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব মোশাররফ হোসেন জনকণ্ঠকে বলেন, এটি বাংলাদেশে জন্য একটি বড় সাফল্য। গবেষণা কাজে সাফল্যের স্বীকৃতিস্বরূপ এই পুরস্কার পেয়েছি। বিশ্বের অনেক দেশের কাছে বাংলাদেশ এখন অনুকরণীয় হয়ে উঠেছে। বাংলাদেশ যে কৃষি সেক্টরে এগিয়ে যাচ্ছে এটি আরও একটি উদাহরণ। তিনি বলেন, কৃষি সেক্টরের পাশাপাশি দেশের অর্থনীতি দিন দিন মজবুত হচ্ছে। দেশ দ্রুত গতিতে এগিয়ে চলছে।

সূত্র জানায়, এই পুরস্কার আনতে বাংলাদেশ থেকে একটি প্রতিনিধি দল ইন্দোনেশিয়ায় যাবেন। ময়মনসিংহে অবস্থিত বীণার মহাপরিচালক ড. শমসের আলী বাংলাদেশের পক্ষে এই পুরস্কার গ্রহণ করবেন।